



রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বৃহস্পতিবার ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ১৪তম সমাবর্তনে শিক্ষার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন

ইস্ট ওয়েস্টে সমাবর্তন শিক্ষার মান নিশ্চিত বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি রাষ্ট্রপতির আহ্বান

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ উচ্চ শিক্ষার মান নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির সঙ্গে শিক্ষার মান ও এর ধারাবাহিক উন্নয়ন বজায় রাখা একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। রাষ্ট্রপতি বৃহস্পতিবার ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির ১৪তম সমাবর্তনে ভাষণকালে বলেন, 'উচ্চ শিক্ষার সুযোগ ও শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির সঙ্গে শিক্ষার মান এবং এর ধারাবাহিক উন্নয়ন নিশ্চিত করা এখন চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে। বিশ্ববিদ্যালয়গুলোকে এই চ্যালেঞ্জ মোকাবেলায় এগিয়ে আসতে হবে।' খবর বাসসর।

তিনি বলেন, সরকার শিক্ষার সার্বিক উন্নয়নে কাজ করে যাচ্ছে এবং শিক্ষার সম্প্রসারণ নিশ্চিত করতে ইতোমধ্যে জাতীয় শিক্ষানীতি-২০১০ ও বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন-২০১০ প্রণয়ন করেছে। ঢাকার বাইরে সরকারী ও বেসরকারী খাতে বিশ্ববিদ্যালয়

স্থাপনের অনুমতি দেয়ার পর দেশব্যাপী উচ্চ শিক্ষার পরিসর সম্প্রসারিত হয়েছে। রাষ্ট্রপতি বলেন, 'আমি এ কথা বলে আনন্দিত যে, দেশে এখন ১১৭টি সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয় রয়েছে। ২০১৫ সালে এসব প্রতিষ্ঠানে শিক্ষার্থীর সংখ্যা ৩০ লাখে উন্নীত হয়েছে। ৫ বছর আগে এই সংখ্যা ছিল মাত্র ৮০ হাজার।'

আবদুল হামিদ বলেন, বিশ্ববিদ্যালয়গুলো হচ্ছে উচ্চ শিক্ষা ও গবেষণার পাশাপাশি শিক্ষা প্রদান, জ্ঞানচর্চা ও মুক্তচিন্তার সর্বোত্তম স্থান- যা জ্ঞান ও চিন্তার পরিপি বিকাশে সহায়তা করে। তিনি আশাবাদ প্রকাশ করেন যে, বিশ্ববিদ্যালয়গুলো জ্ঞানচর্চা এবং শিক্ষার বিশাল পরিসরের দরজা খোলা রাখবে। ইস্ট-ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের নতুন গ্র্যাজুয়েটদের অভিনন্দন জানিয়ে বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর ও রাষ্ট্রপতি শিক্ষার্থীদের দেশ ও জনগণের কল্যাণে কাজ করার আহ্বান জানান। এতে সাবেক প্রধান বিচারপতি তোফাজ্জেল আহমেদ, বিশ্ববিদ্যালয়টির ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন ড. মোহাম্মদ ফরাসউদ্দিন ও ভাইস-চ্যান্সেলর প্রফেসর আহমেদ শাফি অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন। এ্যাডভোকেট সুলতানা কামাল অনুষ্ঠানে সমাবর্তন বক্তৃতা দেন।